

১০. প্রতীক ব্যবহার করে নিম্নোক্ত ন্যায় অনুমানগুলি গঠন কর (Give the symbolic example of the following forms of Syllogism): AEE (IV)*, AOO(II), EAE(I). (C.U. '98)
১১. সংস্থানের উল্লেখ না করে নিম্নোক্ত ন্যাযের মূর্তির ক্ষেত্রে কি কি নিয়ম লঙ্ঘন করা হয়েছে তা বল। (State, without making any reference to Figure, the rules which are violated in the following moods): OOI*, OIA, IOE, IIA, IEO, EOI, EEO, AIA, AAI* (C.U. '98)
১২. নিম্নোক্ত দোষগুলির মূর্ত উদাহরণ দাও (Give concrete examples of the following fallacies):
- (ক) অবৈধ পক্ষ দোষ (Fallacy of Illicit Minor)
- (খ) অব্যাপ্য হেতু দোষ (Fallacy of Undistributed Middle) (C.U. '96)
- (গ) অবৈধ সাধা দোষ (Fallacy of Illicit Major) (C.U. '96)
- (ঘ) চতুস্পদ-ঘটিত দোষ (Fallacy of Four Terms)
- (ঙ) নঞর্থক হেতুবাক্যজনিত দোষ (Fallacy of Negative premises)
- (চ) অস্তিত্ববাচক দোষ (Existential fallacy) (C.U. '90 '94 '95, H. '95) (দশম নিয়মে বন্ধনীর মধ্যে)
- (ছ) সংক্ষিপ্ত ন্যায় এবং তার বিভিন্ন প্রকার। (Enthymeme and its different forms.) (C.U.H. '93) (উঃ ৫.২১)
- *১৩. নিম্নোক্ত যুক্তিগুলির বিচার কর (Test of following arguments):
- (ক) রীতা গীতা নয়। গীতা একটি মেয়ে। সুতরাং, রীতা একটি মেয়ে নয়। (Rita is not Gita. Gita is a girl. Therefore, Rita is not a girl.)
- (খ) কোন কোন রাজনীতিবিদ শিক্ষক; কেননা রাধাকৃষ্ণন হলেন একজন শিক্ষক। (Some politicians are teachers, because Radhakrishnan is a teacher.)
- (গ) পুত্র পিতার অনুগত; পিতা উর্ধ্বতন অফিসারের অনুগত; সুতরাং পুত্র উর্ধ্বতন অফিসারের অনুগত। (The son is obedient to the father; the father is obedient to the higher officer. Therefore, the son is obedient to the higher officer.)
- (ঘ) বৃদ্ধরা দুর্বল। ছেলেটি দুর্বল। সুতরাং ছেলেটি বৃদ্ধ। (The old people are weak. The boy is weak. Therefore, the boy is old.)
- (ঙ) শঙ্করাচার্য একজন বড় ধর্মসংস্কারক এবং তিনি অবিবাহিত। কাজে কাজেই সমস্ত অবিবাহিত পুরুষই ধর্মসংস্কারক। (Sankarā-chārya is a great religious reformer and he is a bachelor. So all bachelors must be great religious reformers.)
- (চ) একমাত্র মেল ট্রেন এই স্টেশনে দাঁড়ায়। শেষ ট্রেনটি এই স্টেশনে দাঁড়ায়নি। ফলে এই ট্রেনটি কখনই মেল ট্রেন হতে পারে না। (Only the mail train stops at this station; the last train did not stop at this station; so it could not have been a mail train.)
- (ছ) কেবলমাত্র সত্যবাদীরাই সৎ এবং কেবলমাত্র সত্যবাদীরাই শ্রদ্ধার যোগ্য। সুতরাং শ্রদ্ধার যোগ্য ব্যক্তিরাই সৎ। (Truthful alone are honest and truthful alone are worthy of respect; so all men worthy of respect are honest.)
- (জ) সকল পুরুষ অবশ্যই নারী, কারণ নারীর মত পুরুষেরাও মরণশীল। (All men must be women, for like women men are also mortal beings.)
- (ঝ) সকল শব্দ নিশ্চয়ই পদ হবে, কারণ আমরা জানি যে, সমস্ত পদ শব্দও বটে। (All words must be terms, for it is known to us that all terms are words.)

শর্তহীন বা নিরপেক্ষ ন্যাযের সংজ্ঞা, বৈশিষ্ট্য ও তার বৈধতার সাধারণ নিয়মাবলী ১৮৭

- (ঞ) সাম্যবাদীরা কখনই সুখী হতে পারে না, কেননা তারা ধার্মিক নয় এবং একমাত্র ধার্মিকেরাই সুখী।
(The communists can never be happy, for they are not religious and only the religious are happy.)
- (ট) সমস্ত ভারতবাসীরা নিশ্চয়ই বাঙালী, কারণ সমস্ত বাঙালী কি ভারতবাসী নয়? (All Indians must be Bengalees, for are not all Bengalees Indians?)
- (ঠ) বরফ নিশ্চয়ই একটা রোগ। কেননা বরফ ঠাণ্ডা এবং ঠাণ্ডা এক ধরনের রোগ। (Ice must be a disease; for ice is cold and cold is a disease.)
- (ড) শান্তি মঙ্গলজনক; কেননা যুদ্ধ অমঙ্গলজনক। (Peace is productive of good, because war is productive of evil.)
- (ঢ) এই ন্যায় অনুমানটি বৈধ না হয়ে পারে না; কারণ বৈধ ন্যাযের মতো এরও তিনটি পদ আছে। (This Syllogism cannot but be valid, for it has three terms like all valid Syllogisms.)
- (ণ) অনল গরল নয়, অনলে মানুষ মরে; সুতরাং গরলে মানুষ মরতে পারে না। (Fire is not poison; men die in fire; so they cannot die by taking poison.)
- (ত) বাদুড় নিশ্চয়ই পাখি, কারণ তাদের পাখির মত ডানা আছে। (Bats must be birds, because they have wings like birds.)
- (থ) পাখির ডানা আছে। এরোপ্লেনেরও ডানা আছে। তাহলে এরোপ্লেনও পাখি। (Birds have wings. Aeroplanes also have wings. So aeroplanes are birds.)
- (দ) সে এত ভাল যে এ কাজ করতে পারে না। (He is too good to do not this work.)
- (ধ) সে পণ্ডিত নয়, কেননা তার বক্তৃতা বোঝা যায় না এবং একমাত্র পণ্ডিত ব্যক্তিদের বক্তৃতাই বোঝা যায়। (He is not learned, for his lectures are not intelligible and only the lectures delivered by the learned are intelligible.)
- (ন) বিভূতিভূষণ লেখক নন, যেহেতু তিনি শরদিন্দু বন্দ্যোপাধ্যায় নন এবং শরদিন্দু বন্দ্যোপাধ্যায় একজন লেখক (Bibhutibhusan is not a writer, because he is not Saradindu Bandopadhyaya and Saradindu Bandopadhyaya is a writer.)
- (প) কোন মানুষ অমর নয় এবং মানুষ মাত্রই দ্বিপদী, অতএব কিছু দ্বিপদী অমর নয় (No men are immortal and all men are bipeds; therefore some 'bipeds are not immortal.)

[উত্তর সংকেত : ৯। CELARENT : এটি একটি প্রথম সংস্থানের বৈধ মূর্তি যার আকার হল—

E. কোন M নয় P,

A. সকল S হয় M,

C. কোন S নয় P।